

এপ্রিল ২০২২, আশুগঞ্জ উপজেলার মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী (স্ট্যান্ডিং) কমিটির সভার কার্যবিবরণী। (২)

সভাপতি : লিমা সুলতানা

উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ (মহিলা), আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

তারিখ : ১১/০৪/২০২২, সোমবার, সকাল : ১০.৩০ ঘটিকায়

উপস্থিত সদস্যগণের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'

আলোচ্য বিষয়:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. মৎস্য ও প্রাণী সম্পদ সংক্রান্ত আলোচনা

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সভার আলোচ্য বিষয়ের উপর আলোচনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী থাকলে সদস্যবৃন্দকে অবহিত করার জন্য অনুরোধ করেন।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	মৎস্য ও প্রাণী সম্পদ সংক্রান্ত আলোচনা	<p>আলোচনার শুরুতেই উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, তার দপ্তর থেকে গবাদীপশু খাদ্য হিসেবে ইউএমএস তৈরীর ও ঘাস চাষের উপর প্রশিক্ষণ প্রদানের সুযোগ আছে। কিন্তু বর্তমানে প্রশিক্ষণের জন্য কোন ধরনের তহবিল তাদের কাছে নেই। তাই তিনি উপজেলা পরিষদের নিকট প্রশিক্ষণের জন্য তহবিলের ব্যবস্থা করার অনুরোধ করেন।</p> <p>উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, উপজেলা মৎস্য চাষের জন্য একটি সম্ভাবনাময় এলাকা, অনেক মৎস্য চাষী আছে যারা মাছের খাদ্য ব্যবস্থাপনার বিষয়ে যথেষ্ট অভিজ্ঞ নয়, ফলে মাছের খাদ্যের অপচয় হচ্ছে। এ বিষয়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণের প্রয়োজন।</p>	<p>উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে উপজেলা পরিষদের মাসিক মিটিংয়ে বিষয়সমূহ নিয়ে আলোচনা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ও উপজেলা মৎস্য কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া</p>

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

লিমা সুলতানা

উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)

ও

সভাপতি

সমাজ কল্যাণ বিষয়ক (স্ট্যান্ডিং) কমিটি
উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া